# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমাদের পূর্বে উল্লেখিত দুটি হাদীসে বর্ণিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “একাকী আদায়কারী ব্যক্তির সালাত” শব্দটি আম বা ব্যাপক অর্থে ব্যবহৃত হয়েছে কিন্তু এর দ্বারা উদ্দেশ্য খাস; যেভাবে ব্যাপক অর্থে ব্যবহৃত হয়েছে, সেই ব্যাপকতা উদ্দেশ্য নয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (صَلَاةُ الْفَذِّ) فِي الْخَبَرَيْنِ اللَّذَيْنِ ذَكَرْنَاهُمَا لَفْظَةٌ أُطلقت عَلَى الْعُمُومِ مُرَادُهَا الْخُصُوصُ دُونَ اسْتِعْمَالِهَا عَلَى عُمُومِ مَا وَرَدَتْ فِيهِ

---

আরবী

2053 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنْ هِلَالِ بْنِ مَيْمُونٍ عَنْ عَطَاءُ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلَاةُ الرَّجُلِ فِي جَمَاعَةٍ تَزِيدُ عَلَى صَلَاتِهِ وَحْدَهُ بِخَمْسٍ وَعِشْرِينَ دَرَجَةً فَإِنْ صَلَّاهُ بِأَرْضٍ قِيٍّ فَأَتَمَّ رُكُوعَهَا وَسُجُودَهَا بَلَغَتْ صَلَاتُهُ بخمسين درجة)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2053 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (569)

বাংলা

২০৫৩. আবূ সা‘ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “জামা‘আতে আদায় করা সালাতের সাওয়াব একাকী আদায় করা সালাতের চেয়ে ২৫ গুণ মর্যাদা বেশি। যদি কোন ব্যক্তি এই সালাত জনমানবহীন প্রান্তরে আদায় করে; পরিপূর্ণভাবে রুকূ‘ ও সাজদা করে, তবে তার সালাতের মর্যাদা ৫০ গুণে পৌঁছে যাবে!”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ১০১১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৭৯; আবূ দাঊদ: ৫৬০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৮৮; হাকিম: ১/২০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ : ৫৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91371

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন